



বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে মুন্সিগঞ্জে দু'গ্রুপের সংঘর্ষে ওসিসহ আহত ১০



ছবি: সংগৃহীত

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মুন্সিগঞ্জের শ্রীনগরে আয়োজিত কর্মসূচিকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে শ্রীনগর থানার ওসি (তদন্ত) মিল্টন দত্তসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে চারজন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে শ্রীনগরের জমজম টাওয়ার এলাকায় এ ঘটনা ঘটে।

সংঘর্ষে জড়ানো দুই পক্ষের একটি কেন্দ্রীয় বিএনপির স্বেচ্ছাসেবকবিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপুর অনুসারী এবং অন্যটি মুন্সিগঞ্জ-১ আসনের সংসদ সদস্য শেখ আব্দুল্লাহর অনুসারীদের বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল ১১টায় জমজম টাওয়ার এলাকা থেকে মীর সরফত আলী সপুর পূর্বঘোষিত আনন্দ মিছিল বের হওয়ার কথা ছিল। কর্মসূচিকে সামনে রেখে সকাল থেকেই সেখানে নেতাকর্মীরা জড়ো হচ্ছিলেন।

এ সময় শেখ আব্দুল্লাহর কয়েকজন অনুসারী ঘটনাস্থলে এলে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। একপর্যায়ে তা সংঘর্ষে গড়ায়। এ সময় কয়েকটি মোটরসাইকেল ভাঙচুর এবং ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ঘটনাস্থলে গেলে শ্রীনগর থানার ওসি (তদন্ত) মিল্টন দত্ত আহত হন। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জেলা পুলিশের সহকারী পুলিশ সুপার মো. আনোয়ার পারভেজ বলেন, দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি ও উত্তেজনার খবর পেয়ে থানা পুলিশের একটি দল দ্রুত ঘটনাস্থলে যায়। পরে দুই পক্ষকে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের সময় ওসি চোখের নিচে আঘাত পেয়েছেন।